

নন-লাইফ বীমা এজেন্টগণকে লাইসেন্স প্রদান

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (নন-লাইফ বীমা এজেন্টগণকে লাইসেন্স প্রদান) প্রবিধানমালা, ২০১১

বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নম্বর আইন) এর ধারা ১২৪ এর উপধারা (১) ও (৪) এবং ধারা ১৪৮ এ প্রদত্ত ক্ষমতাবলে কর্তৃপক্ষ এতদ্বারা নিম্নরূপ প্রবিধানমালা প্রণয়ন করিল, যথাঃ-

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।— (১) এই প্রবিধানমালা বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (নন-লাইফ বীমা এজেন্টগণকে লাইসেন্স প্রদান) প্রবিধানমালা, ২০১১ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।— (১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই প্রবিধানমালায় —

- (ক) “আইন” অর্থ বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নম্বর আইন);
- (খ) “কর্তৃপক্ষ” অর্থ বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সালের ১২ নম্বর আইন) এর ধারা ০৩ এর বিধান অনুসারে গঠিত বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ;
- (গ) “মনোনীত ব্যক্তি” অর্থ জীবন বীমাকারী অথবা ব্রোকার কর্তৃক নির্ধারিত এবং কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত এই প্রবিধানমালার অধীনে লাইসেন্স ইস্যু বা নবায়ন করিতে নিয়োজিত একজন কর্মকর্তা;
- (ঘ) “লাইসেন্স” অর্থ বীমা এজেন্ট বা বীমা এজেন্ট নিয়োগকারী হিসেবে কাজ করিবার নিমিত্ত এই প্রবিধানমালার অধীনে ইস্যুকৃত অনুমতির সনদপত্র;
- (ঙ) “বাস্তব প্রশিক্ষণ” অর্থ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত বীমা বিক্রী, সরবরাহ ও বিপণনের প্রশিক্ষণকে অন্তর্ভুক্ত করিবে;
- (চ) “প্রসপেক্ট” অর্থ বীমা পণ্যের একজন সম্ভাব্য ক্রেতা।

(২) এই প্রবিধানমালায় যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা দেওয়া হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি বীমা আইন, ২০১০ (২০১০ সালের ১৩ নম্বর আইন), অথবা বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ আইন, ২০১০ (২০১০ সালের ১২ নম্বর আইন) এ যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থ প্রযোজ্য হইবে।

৩। নন-লাইফ বীমা এজেন্টকে অস্থায়ী লাইসেন্স প্রদান।— (১) কোন ব্যক্তি (অতঃপর ‘আবেদনকারী’ হিসাবে উলি-খিত) যিনি কোন স্বীকৃত বোর্ডের অধীন মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন, তিনি মনোনীত কর্মকর্তার নিকট নন-লাইফ বীমা এজেন্টের অস্থায়ী লাইসেন্সের জন্য আবেদন করিতে পারিবেন।

(২) উপ-প্রবিধান (১) এর অধীনে নন-লাইফ বীমা এজেন্টের অস্থায়ী লাইসেন্সের আবেদনপত্র FORM IDRA-AGENTS-NLA তে করিতে হইবে।

(৩) নন-লাইফ বীমা এজেন্টের অস্থায়ী লাইসেন্সের জন্য আবেদনকারীকে এই প্রবিধানমালার প্রবিধান ১২ তে বর্ণিত পরিমাণে এবং পদ্ধতিতে ফি পরিশোধ করিতে হইবে।

(৪) নন-লাইফ বীমা এজেন্টের অস্থায়ী লাইসেন্সের ধারক অথবা অন্য কোন ব্যক্তি যাহাকে কোন সময় উক্তরূপ অস্থায়ী লাইসেন্স প্রদান করা হইয়াছিল তিনি নূতন লাইসেন্সের নিমিত্ত আবেদন করতে পারিবেন না।

(৫) উপ-প্রবিধান (১) ও (২) এর বিধানাবলী অন্য বা নূতন লাইসেন্সের আবেদনের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

(৬) মনোনীত কর্মকর্তা নিজেকে সন্তুষ্ট করিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতঃ যদি মনে করেন যে নন-লাইফ বীমা এজেন্টের অস্থায়ী লাইসেন্সের নিমিত্ত আবেদন যথাযথ হইয়াছে তবে তিনি ০১ (এক) বৎসরের মেয়াদে FORM IDRA-AGENTS-NLB এ লাইসেন্স ও নূতন লাইসেন্স প্রদান করিবেন।

